গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৭.০৩.০০০০.০০০.০১০.২০.০০০১.২৫.৫

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন প্রসঙ্গে।**
সূত্র: গ্রাফিক আর্টস ইনস্টিটিউটের ১৪/০৮/২০২৫ খ্রি. তারিখের ৩৭.০৩.২৬৫০.৩০৪.১৯.২০.২৫-২৬৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরে মালামাল/যন্ত্রপাতি ক্রয় ও মেরামতের জন্য প্রস্তাবিত বার্ষিক ক্রয় পরিকল্পনা নিম্নবর্ণিত শর্তে ক্রয়কারী কার্যালয়ের প্রধান (HOPE) কর্তৃক অনুমোদিত হয়েছে।

০২। প্রেরিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) যাচাই করে দেখা যায় যে, অধ্যক্ষ কর্তৃক সর্বমোট ২,২০,৩৫,০০০/- (দুই কোটি বিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকার মালামাল/যন্ত্রপাতি OTM পদ্ধতিতে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করেছেন। নিম্নবর্ণিত শর্তে প্রস্তাবটি অনুমোদন করা হলো:

| ২.১। | প্যাকেজ নং | বিদ্যমান অর্থনৈতিক কোড | আইটেম নং | অনুমোদিত কোড |
|---|---|---|---|---|
| | GD-০৪ | ৩২৫৬১০৫-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ | ৩২-৩৩, ৩৭ | ৪১১২৩০৪-প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি |
| | | | ১৬৬ | ৪১১২৩০৪-প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি |
| | GD-১০ | ৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি | ২৬ | ৪১১২৩১০-অফিস সরঞ্জামাদি |

ক) প্যাকেজ GD-০১ এর ৪১১২৩০৪-প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি খাতের ২ নং আইটেম, প্যাকেজ GD-০২ এর ৪১১২৩০৪-প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি খাতের ২ নং আইটেম, প্যাকেজ GD-০৪ এর ৩২৫৬১০৫-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ খাতের ২৭ নং আইটেম অনুমোদন আদেশ হতে বাদ দেয়া যেতে পারে।

খ) প্যাকেজ GD-০১ এর ৪১১২৩০৪-প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি খাতের ১ নং আইটেম এর সংখ্যা কমিয়ে ২৫ টি ক্রয় করা যেতে পারে। প্যাকেজ GD-১২ এর ৩২১১১২৭-বইপত্র ও সাময়িকী খাতের তালিকা সংশোধন পূর্বক অনুমোদন নিয়ে ক্রয় করা যেতে পারে।

২.২। কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ এবং প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি খাতের তালিকায় একই আইটেম বিভিন্ন টেকনোলজি হতে ভিন্ন ভিন্ন মূল্যে ভিন্ন ভিন্ন প্যাকেজে ক্রয় করা যাবে না। এক্ষেত্রে উক্ত আইটেম অন্য টেকনোলজিতে প্রয়োজন হলে তা সংশ্লিষ্ট টেকনোলজি হতে একই মূল্যে আইটেম সংখ্যা বাড়িয়ে ক্রয় করা যাবে;

২.৩। চলমান অর্থবছরে একই আইটেম ভিন্ন ভিন্ন পদ্ধতিতে ক্রয় করা যাবে না;

২.৪। অধিক মূল্যের এবং তুলনামূলক কম সংখ্যক ব্যবহারিক ক্লাসে ব্যবহৃত হয় যেমন: [ইউনিভার্সাল টেস্টিং মেশিন ( UTM)] সহ এমন প্রকৌশলযন্ত্র বা ইকুপমেন্ট একাধিক সংখ্যক ক্রয় করা যাবে না;

২.৫। প্রতিষ্ঠানে অপ্রয়োজনীয় সার্ভার ক্রয় করা হতে বিরত থাকতে হবে;

২.৬। ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরে প্রকৌশল ও যন্ত্রপাতি খাতের ক্রয়কৃত যন্ত্রপাতি মেরামতের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

২.৭। মালামাল ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এবং আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Power) মোতাবেক ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;

২.৮। বিজ্ঞাপনের তারিখ কোন কারণে পরিবর্তিত হলে বার্ষিক ক্রয় পরিকল্পনার ( APP) তারিখও পরিবর্তিত হবে। তবে বার্ষিক ক্রয় পরিকল্পনা ( APP) অপরিবর্তিত থাকবে।

২৭-১০-২০২৫
মোঃ জয়নাল আবেদীন
পরিচালক

অধ্যক্ষ
গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ঢাকা।